**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 7/17/2024 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল পুলিশ বাহিনীতে ক্যারিয়ার গড়তে সিভিল সার্ভিস পরীক্ষার জন্য বিনামূল্যে আবেদন চালু করেছেন

***আগামী 14 আগস্টের মধ্যে আবেদনকারীরা কোন খরচ ছাড়াই পরীক্ষা দেওয়ার জন্য অনলাইনে আবেদন করতে পারবে***

***আগামী বছরে DEC, স্টেট পার্কস, SUNY-তে পুলিশ বাহিনীতে আনুমানিক 150টি অধীনস্ত পদ স্টেট ব্যাপী তৈরি হবে বলে আশা করা হচ্ছে***

***পৌর পুলিশ বিভাগ ও শেরিফের অফিসগুলোতে পদসমূহ পূরণের জন্যও পরীক্ষা অব্যাহত থাকবে***

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেটের অধীনস্ত পুলিশ বাহিনীর সিভিল সার্ভিস পরীক্ষার জন্য আবেদনের সময়সীমা এখন উন্মুক্ত। পরীক্ষাটি পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation), অফিস অব স্টেট পার্কস, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টোরিক প্রিজারভেশন (Office of State Parks, Recreation and Historic Preservation) এবং স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক (State University of New York) এ এম্পায়ার স্টেট জুড়ে একটি অবস্থান সন্ধানকারী আগ্রহী, যোগ্য আবেদনকারীদের জন্য। যোগ্য প্রার্থীরা শরৎকালে নির্ধারিত সময়ে পরীক্ষা দেওয়ার জন্য 14 আগস্ট, 2024 রাত 11:59 EST পর্যন্ত অনলাইনে আবেদন করতে পারবেন। পরীক্ষা দেওয়ার জন্য কোন খরচ নেই কারণ 2024 সালের আর্থবছরের বাজেটে গভর্নর হোকল কর্তৃক সুরক্ষিত একটি চুক্তির পরে 2025 সালের ডিসেম্বর মাস পর্যন্ত সকল স্টেটের পরীক্ষার আবেদন ফি মওকুফ করা হয়েছে।

"নিউ ইয়র্কের পুলিশ বাহিনীর কর্মকর্তাগণ আমাদের স্কুল, আমাদের প্রতিবেশী ও আমাদের কমিউনিটিকে নিরাপদ রাখতে প্রয়োজনীয় পরিষেবাসমূহ সরবরাহ করে," **গভর্নর হোকল বলেন।** "আজ থেকে শুরু করে, ইতিবাচক প্রভাব ফেলতে ইচ্ছুক নিউ ইয়র্কবাসীগণ তাদের পদে যোগ দিতে বিনামূল্যে সিভিল সার্ভিস পরীক্ষার জন্য আবেদন করতে পারবেন এবং নিউ ইয়র্ককে দেশের সবচেয়ে নিরাপদ স্থান হিসেবে গড়ে তুলতে আমাদের কাজ চালিয়ে যেতে পারবেন।"

স্টেট সরকারের মধ্যবর্তী আইন পুলিশ বাহিনীর অধীনস্ত পদের জন্য বিবেচিত হতে আগ্রহী ব্যক্তিদেরকে প্রথমে আগ্রহী পদ বা পদগুলোর জন্য আবশ্যক ন্যূনতম যোগ্যতার শর্ত পূরণ

করতে হবে এবং 14 আগস্ট তারিখের মধ্যে আবশ্যক সকল তথ্য জমা দিয়ে সিভিল সার্ভিস পরীক্ষার জন্য এখানে নিবন্ধন করতে হবে। মাল্টিপল-চয়েস ধরনের এই পরীক্ষাটি আগামী শরতে অনুষ্ঠিত হবে। নিউ ইয়র্ক স্টেটের আইন প্রয়োগকারী সংস্থার এন্ট্রি-লেভেল পদে নিয়োগের পরীক্ষায় অংশগ্রহণ করার যোগ্য সব প্রার্থী লিখিত পরীক্ষার তারিখের আনুমানিক দুই সপ্তাহ আগে ডাকযোগে একটি ভর্তি বিজ্ঞপ্তি পাবেন। এই ভর্তি বিজ্ঞপ্তি প্রার্থীকে কখন ও কোথায় উপস্থিত হতে হবে সেই সময়সূচির পাশাপাশি অন্যান্য প্রাসঙ্গিক তথ্য প্রদান করবে। এছাড়াও পরীক্ষার আগে প্রার্থীরা একটি ই-মেইল রিমাইন্ডার পাবেন।

পুলিশ বাহিনীর এন্ট্রি-লেভেল পদের পরীক্ষাটি প্রত্যেক সংস্থার নিম্নলিখিত পদগুলো পূরণ করার জন্য গ্রহণ করা হবে:

- DEC - এনভায়রনমেন্টাল কনজার্ভেশন পুলিশ অফিসার ট্রেইনি 1 (Environmental Conservation Police Officer Trainee 1) এবং ফরেস্ট রেঞ্জার 1 (Forest Ranger 1)
- পার্কস - পার্ক পুলিশ অফিসার ট্রেইনি
- SUNY - ইউনিভার্সিটি পুলিশ অফিসার 1

পরীক্ষাটি চাইনিজ, ক্রেওল, ইতালীয়, কোরিয়ান, অঙ্গভঙ্গি ভিত্তিক যোগাযোগ (সাইন ল্যাঙ্গুয়েজ), রাশিয়ান ও স্প্যানিশ সহ অন্যান্য ভাষার দক্ষতার পাশাপাশি পুলিশ বাহিনীর কর্মকর্তাদের নিয়োগের জন্য ব্যবহার করা হবে। অনলাইন পরীক্ষাটি ইংরেজিতেও হলেও, অন্য ভাষায় যাদের দক্ষতা রয়েছে তাদের নিয়োগের সময় ভাষা দক্ষতা পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। DCS অনুমান করছে যে আগামী বছরে স্টেট জুড়ে পুলিশ বাহিনীর আনুমানিক 150টি অধীনস্ত পদ পূরণ করা হবে।

এছাড়াও এই পরীক্ষা মিউনিসিপ্যাল পুলিশ বিভাগ ও শেরিফের অফিসগুলোতে শূন্য পদ পূরণের জন্য স্থানীয় পরীক্ষা হিসেবে ব্যবহৃত হবে। পুলিশ অফিসার ও ডেপুটি শেরিফরা টহল, সামুদ্রিক টহল, k-9 ইউনিট, ফরেনসিক তদন্ত, ট্রাফিক নিরাপত্তা ও আরও অনেক কিছুর মত বিভিন্ন অ্যাসাইনমেন্টসমূহ তাদের কমিউনিটির সেবা করতে পারবে। পৌর পুলিশ বিভাগ (Municipal Police Departments) ও শেরিফের অফিসগুলোর (Sheriff's Offices) জন্য স্থানীয় পরীক্ষায় অংশ নিতে আগ্রহী প্রার্থীদের সরাসরি তাদের স্থানীয় সিভিল সার্ভিস এজেন্সির মাধ্যমে আবেদন করতে হবে৷ স্থানীয় এন্ট্রি-লেভেল পুলিশ বাহিনীর পরীক্ষাগুলোর সংগঠনের একটি তালিকা এখানে পাওয়া যাবে।

**ডিপার্টমেন্ট অব সিভিল সার্ভিস (Department of Civil Service) এর কমিশনার টিমোথি হোগস বলেন,** "পুলিশ বাহিনীর কর্তকর্তাদের নিউ ইয়র্ক স্টেটে সবচেয়ে কঠিন, কিন্তু সবচেয়ে সন্তোষজনক কর্মসংস্থান রয়েছে। এটি এমন একটি কাজ যেখানে আপনি সবচেয়ে ভালোভাবে বিশ্লেষণের মাধ্যমে সত্যিকারের পার্থক্য করতে পারবেন এবং এই পদগুলো শুধুমাত্র নিউ ইয়র্কবাসীদের বিশেষ সংস্থান ও প্রতিষ্ঠানগুলোকে রক্ষা করে না, কিন্তু সেই জিনিসটা যা এম্পায়ার স্টেটকে অসাধারণ করে তোলে: তা হল আমাদের জনগণ। এম্পায়ার স্টেটের কমিউনিটিগুলোর চাহিদা বিবেচনা করে এবং পূরণ করে এমন সরকারি কর্মচারীদের নিয়োগের

জন্য আমাদের সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোর সাথে আমাদের গুরুত্বপূর্ণ প্রচেষ্টায় আমি বিভিন্ন ব্যাকগ্রাউন্ডের যোগ্য ও আগ্রহী নিউ ইর্য়কবাসীদের আজ আবেদন করতে উৎসাহিত করি।"

**SUNY এর চ্যান্সেলর জন বি কিং, জুনিয়র বলেন,** "SUNY এর প্রথম ও সর্বপ্রধান অগ্রাধিকার হল আমাদের শিক্ষার্থীদের সাফল্যের জন্য একটি নিরাপদ ও স্বাগত পরিবেশ প্রদান করা এবং আমাদের বিশ্ববিদ্যালয়ের পুলিশ বিভাগের কর্মকর্তাগণ এই কাজের একটি মূল অংশ। আমরা নিউ ইয়র্কবাসীদের আবেদন করতে এবং পরীক্ষা দিতে উৎসাহিত করি যাতে তারা UPD এর পদে যোগদান করতে পারে এবং SUNY শিক্ষার্থীদের কল্যাণে অবদান রাখতে পারে।"

**পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation) এর অন্তর্বর্তীকালীন কমিশনার শন মাহার বলেন,** "DEC এর পরিবেশ সংরক্ষণ পুলিশ অফিসারগণ এবং ফরেস্ট রেঞ্জাররা নিউ ইয়র্কের পরিবেশ, প্রাকৃতিক সম্পদ ও কমিউনিটিগুলোকে রক্ষা করার জন্য সামনের লাইনে কাজ করে এবং গভর্নর হোকলের সহায়তা ও নেতৃত্বের মাধ্যমে আমরা আমাদের ভবিষ্যতের বাহিনীকে সম্প্রসারণ করছি। আমি সকল যোগ্য প্রার্থীদের স্টেটের অধিনস্থ পুলিশ বাহিনীর সিভিল সার্ভিস পরীক্ষায় অংশ নিতে এবং নিউ ইয়র্কবাসী এবং আমাদের পরিবেশ রক্ষার প্রচেষ্টায় ফরেস্ট রেঞ্জার্স ও ECO-এর সম্মানিত পদে যোগদান করতে উৎসাহ প্রদান করি।"

**নিউ ইয়র্ক স্টেট পার্ক পুলিশ (New York State Park Police) এর প্রধান মাইকেল ড্যাডোনা বলেন,** "নিউ ইয়র্ক স্টেট পার্ক পুলিশ পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণের অফিসের একটি উচ্চ, প্রশিক্ষিত, বিশেয়ায়িত পুলিশ বাহিনীর বিভাগ। আমাদের একাডেমিতে-প্রশিক্ষিত অফিসারগণ নিউ ইয়র্ক স্টেটের বাসিন্দা ও দর্শনার্থীদের জন্য নিরাপদ ও আনন্দদায়ক বিনোদনমূলক সুযোগ নিশ্চিত করার পাশাপাশি এজেন্সির মিশনের সমর্থনে মোট পুলিশ পরিষেবা প্রদানের জন্য নিবেদিত। পার্ক পুলিশ বিভিন্ন জায়গায় কাজ করে – জনবহুল শহর এলাকায় এবং জনপ্রিয় সমুদ্র সৈকত থেকে শুরু করে বিস্তীর্ণ প্রাকৃতিক অঞ্চল ও রুক্ষ ভূখণ্ডের এলাকা পর্যন্ত। পুলিশ বাহিনীতে ক্যারিয়ারগুলো সুবিধাজনক এবং আমরা আবেদনকারীদের এই জরুরি পদে কাজ করার জন্য স্বাগত জানাই।"

**নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব লেবার (New York State Department of Labor) এর কমিশনার রবার্টা রেয়ার্ডন বলেন,** "এখন নিউ ইয়র্ক স্টেটের কর্মীবাহিনীতে যোগদানের একটি উপযুক্ত সময় এবং আমি আমাদের কমিউনিটিগুলোকে প্রতিফলিত করে এমন একটি বৈচিত্রময় ও অন্তর্ভুক্তিমূলক পুলিশ বাহিনী গড়ে তোলার প্রচেষ্টাকে আন্তরিকভাবে সমর্থন করি। আমি যোগ্য নিউ ইয়র্কবাসীদের আবেদন করতে এবং এই গুরুত্বপূর্ণ পাবলিক সার্ভিসের অংশ হতে উৎসাহ প্রদান করি।"

**ডেলাওয়্যার কাউন্টি শেরিফ, নিউ ইয়র্ক স্টেট শেরিফস অ্যাসোসিয়েশন (President of the New York State Sheriffs' Association) এর প্রেসিডেন্ট ক্রেইগ এস ডুমন্ড বলেন,** "একটি আকর্ষণীয় চাকরিতে আগ্রহী প্রত্যেককে এই পরীক্ষায় আমরা সাইন আপ করতে উৎসাহিত করি। এটি একটি পরিপূর্ণ সম্মানিত ক্যারিয়ার হতে পারে এমন দিক থেকে প্রথম পদক্ষেপ। আমরা জানি যে নিউ ইয়র্কবাসীদের বিশাল সংখ্যাগরিষ্ঠ অংশ যারা তাদের

কমিউনিটিকে নিরাপদ রাখতে কাজ করে ডেপুটি শেরিফ ও অন্যান্য পুলিশ বাহিনীর কর্মকর্তাদের সহায়তা, সম্মান ও প্রশংসা করে: এই মহৎ পেশার অংশ হন।"

**নিউ ইয়র্ক স্টেট অ্যাসোসিয়েশন অব চিফস অব পুলিশ (New York State Association of Chiefs of Police) এর নির্বাহী পরিচালক ও গ্রিসের অবসরপ্রাপ্ত পুলিশ প্রধান প্যাট্রিক ডি ফেলান বলেন,** "পুলিশ অফিসার পরের জন্য আমাদের এখন এর আগের চেয়ে বেশি মানসম্পন্ন আবেদনকারীর ভীষণ প্রয়োজন। নিউ ইয়র্ক স্টেটের অধিভুক্ত সিভিল সার্ভিস পরীক্ষা আমাদের বাসিন্দাদের এই পদগুলোর জন্য আবেদন করার এবং তাদের কমিউনিটির সেবা করার এবং তাদের নিরাপদ রাখতে সহায়তা করার সুযোগ প্রদান করে। আমরা আশা করি যে মানুষ পুলিশ বাহিনীর মহৎ পেশায় আমাদের সাথে যোগ দেওয়ার এই সুযোগটি গ্রহণ করবে এবং আপনার কমিউনিটির মধ্যে একটি পার্থক্য তৈরি করবে।"

পুলিশ বাহিনীর অধিভূক্ত পরীক্ষা শুরুর অংশ হিসেবে, নিউ ইয়র্ক স্টেট সোশ্যাল মিডিয়া জুড়ে পরীক্ষার প্রচার করবে এবং পরীক্ষার আবেদন করতে প্রার্থীদের আকৃষ্ট করতে সাহায্য করার জন্য ভিডিও ও একটি ডেডিকেটেড ওয়েবপেজ তৈরি করেছে।

পরীক্ষার জন্য আবেদনকারীদের প্রস্তুত করার জন্য একটি পরীক্ষা নির্দেশিকা সহ আরও প্রচারাভিযানের সামগ্রী ও অতিরিক্ত তথ্য দেখুন এবং নিউ ইয়র্ক স্টেটের জন্য কাজ করার বিষয়ে আরও জানুন এবং সিভিল সার্ভিস বিভাগের ওয়েবসাইটে গিয়ে জনসেবায় একটি সফল ক্যারিয়ার অনুসরণের পরবর্তী পদক্ষেপ কীভাবে নেওয়া যায় এবং ফেসবুক, ইনস্টাগ্রাম,, X ও লিঙ্কডইন বিভাগটি ফলো করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন